



Asian Productivity Organization “The APO in the News”

Name of publication: Daily Jugantar (8 May 2017, Bangladesh)
Page: p. 15

রফতানি পণ্যের বৈচিত্র্যকরণ
এশিয়া অঞ্চলেও
সমন্বিত উৎপাদন
পদ্ধতি চালুর তাগিদ
মুগ্ধার রিপোর্ট

রফতানি পণ্য বৈচিত্র্যকরণের লক্ষ্যে এশিয়ার দেশগুলোতে সমন্বিত উৎপাদন ব্যবস্থা চালুর তাগিদ নিয়েছেন বিশেষজ্ঞরা। তারা বলেন, সমন্বিত উৎপাদন পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ কৃষিতে ব্যাপক সাফল্য পেয়েছে। এখন সময় এসেছে এ সমন্বিত পদ্ধতিকে রফতানি পণ্যের বৈচিত্র্যকরণে প্রয়োগ করার। এর মাধ্যমে কৃষিপণ্যের উৎপাদন এবং বৈচিত্র্যকরণ যত বেশি করা যাবে, রফতানির পরিমাণও তত বাড়বে।

তারা আরও বলেন, এশিয়ার দেশগুলোতেও যেহেতু প্রায় অর্ধ কৃ-প্রকৃতি ও জলবায়ু বিদ্যমান। তাই এ অঞ্চলের কৃষি উৎপাদন ব্যবস্থায়ও একই পদ্ধতি প্রয়োগ করে ব্যাপক পরিবর্তন আনা সম্ভব।

বিশেষ করে রফতানিযোগ্য মানদণ্ডের খাদ্যশস্য, শাকসবজি, মুগ-ভিনসহ প্রোটিনের চাহিদা মেটাতে সমন্বিত খাদ্য পদ্ধতি একটি কার্যকর কৌশল। এশিয়ার দারিদ্র্য দূরীকরণেও এটি মডেল হতে পারে। তা করা গেলে কৃষি উৎপাদনশীলতা বাড়িয়ে এশিয়া অঞ্চলেও খাদ্য নিরাপত্তা জোরদারে ইতিবাচক অবদান রাখতে সক্ষম হবে।

রোববার এশিয়ার দেশগুলোতে ‘সমন্বিত খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির সফল সূত্রায়’ শীর্ষক ১৩ মিনিয়ারী আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখা এসব কথা বলেন।